বিনা উইকেটে ভারতকে গুড়িয়ে ফাইনালে ইংল্যান্ড

লড়াই হওয়ার কথা ছিল সমানে-সমান। টূর্ণামেন্টের শুরু থেকেই দারুণ ফর্মে ছিল দুই দল। ক্রিকেট প্রেমি মানুষের রোমাঞ্চের অপেক্ষা ছিল বিশ্বকাপ সেমিফাইনালের জন্য। কিন্তু হলো না কিছুই।

আজ বৃহস্পতিবার অ্যাডিলেইড ওভালে টি-টোয়েন্টি বিশ্বকাপের সেমিফাইনালে ভারতকে ১০ উইকেটে গুড়িয়ে দিয়েছে ইংল্যান্ড। সেমিফাইনাল শুরুতেই বোলিংয়ে দাপট দেখালো ইংল্যান্ড, পরে ব্যাটিংয়েও। মাঝে থাকলেন কেবল হার্দিক পান্ডিয়া, কিন্তু ব্যবধান গড়ে দিতে পারলেন না তিনি। পাত্তাই পেল না ভারত, ইংল্যান্ড পৌঁছে গেল বিশ্বকাপের ফাইনালে।

আগে ব্যাট করতে নেমে ৬ উইকেট হারিয়ে ১৬৮ রান করে ভারত। ওপেনিং জুটিতে রোহিত শর্মা ও লোকেশ রাহুল মাত্র ৯ রান সংগ্রহ করে। এর মধ্যে লোকেশ রাহুল ৫ বলে ৫ রানে আউট হন। লোকেশ রাহুলকে ক্যাচ আউটে শিকার করেন ক্রিস উকস। রোহিত শর্মা ২৮ বলে ২৭ রানে আউট হন। ক্রিস জর্ডান তাকে ক্যাচ আউটে শিকার করেন। ভিরাট কোহলি ব্যাট করতে নেমে ৪০ বলে ৫০ রান করে ক্রিস জর্ডান তাকে সাজ ঘরে পাঠান। সূর্য কুমার যাদব ১০ বলে ১৪, হার্ডিক পান্ডিয়া ৩৩ বলে ৬৩ ও পান্ড ৪ বলে ৬ রান করে ৬ উইকেটে হারিয়ে ১৬৮ রান করেন।

খেলায় ক্রিচ জর্ডান ৩ উইকেট নিয়ে ৪ ওভারে ৪৩ রান দেন। আদিল রাশিদ ৪ ওভার বল করেন। তিনি ২০ রান খরচা করে নেন ১ টি উইকেট। ক্রিস উইকেট ৩ ওভারে ২৪ রান দিয়ে সংগ্রহ করে ১ টি উইকেট, এছাড়া রান আউট।

জবাব দিতে নেমে ২৪ বল আগেই লক্ষ্যে পৌঁছে যায় ইংলিশরা। খেলায় ইংলিশের দুই ওপেনার জস বাটলার ও আলেক্স হেলস বিনা উইকেটে ১৬ ওভার খেলে জয়ের লক্ষে পৌছে যায়। জস বাটলার ৪৯ বলে ৮০ রান ও আলেক্স হেলস ৪৭ বলে ৮৬ রান করেন।

আগামী রোববার ফাইনালে তাদের প্রতিপক্ষ পাকিস্তান।